



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়

# কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা

ফোনঃ ৮৮-০৮১-৬৫৯৮৮ (ডিগ্রী শাখা); ৬৫২৪৫ (উচ্চমাধ্যমিক শাখা)  
ফ্যাক্স ৮৮-০৮১-৭১১৫১; ই-মেইল : principal@cvgc.edu.bd ওয়েব সাইট : www.cvgc.edu.bd  
Facebook Page: https://www.facebook.com/cvgc.edu.bd/


তারিখ: ০৬/০৩/২০২৩ খ্রি।


## বিজ্ঞপ্তি

কবি কাজী নজরুল ইসলাম হল এবং নওয়াব ফয়জুল্লাহ ছাত্রীনিবাসে কিছু সংখ্যক শূন্য আসন পূরণের জন্য এ কলেজের স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণির নিয়মিত ছাত্র/ছাত্রীদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ফরমের মূল্য বাবদ নগদ ৩০০/- (তিনশত) টাকা পরিশোধ পূর্বক আগামী ০৮/০৩/২০২৩ খ্রি. থেকে ১৫/০৩/২০২৩ খ্রি. পর্যন্ত প্রতিদিন সকাল ১০.০০ টা থেকে দুপুর ২.০০ টার মধ্যে কবি কাজী নজরুল ইসলাম হল এবং নওয়াব ফয়জুল্লাহ ছাত্রীনিবাস অফিস কক্ষ থেকে ফরম সংগ্রহ ও জমা দেয়া যাবে।

### আবেদনের শর্তাবলী :

- ২০২১-২০২২ সেশনে অনার্স ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীরাও আবেদন করতে পারবে।
- বিবাহিত এবং অনিয়মিত শিক্ষার্থী হলে ভর্তির অযোগ্য।
- কলেজের ০৫ মাইল ব্যাসার্ধের মধ্যে বসবাসকারী শিক্ষার্থীদের হলে আসন বরাদ্দ দেওয়া হবে না।
- দরখাস্তের সাথে সকল পরীক্ষা পাশের ০১ (এক) কপি করে প্রশংসাপত্র, মার্কশীট ও পাসপোর্ট সাইজের রজিন ০২ (দুই) কপি ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে।
- দরখাস্তের সাথে স্থানীয় ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের মূল কপি জমা দিতে হবে।
- দরখাস্তে ক্লাসে উপস্থিতির হার, নিয়মিত/অনিয়মিত, আচার-আচরণ ইত্যাদি সম্পর্কে বিভাগীয় প্রধানের সুস্পষ্ট মন্তব্য/সুপারিশ থাকতে হবে।
- বিগত বছরে যে সকল শিক্ষার্থী হলের আসন পায়নি সে সকল শিক্ষার্থী পুনরায় দরখাস্ত করতে পারবে।
- দরখাস্ত অসম্পূর্ণ থাকলে কিংবা ভুল বা ভুয়া তথ্য প্রদান করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ইতঃপূর্বে ভুয়া সার্টিফিকেট, ভুল তথ্য প্রদানের কারণে যাদের দরখাস্ত বাতিল হয়েছে তাদের পুনরায় দরখাস্ত করার প্রয়োজন নেই। এছাড়া অসদাচরণের দায়ে হল থেকে বহিস্কৃত বা আসন বাতিলকৃত শিক্ষার্থীদের পুনরায় হলে দরখাস্ত করার সুযোগ নেই।
- দরখাস্তসমূহ যথারীতি যাচাই-বাছাইয়ের পর হল কর্তৃপক্ষ লিখিত/মৌখিক পরীক্ষার (বাংলা, ইংরেজি ও সাধারণ জ্ঞান) মাধ্যমে বিভিন্ন বিভাগের মেধাভিত্তিক তালিকা তৈরি করে তা যথাসময়ে প্রকাশ করবে। বর্তমানে শূন্য আসনসমূহ পূরণের পর পরবর্তী সময়ে আসন শূন্য থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকা থেকে মেধানুসারে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।
- পরীক্ষার তারিখ পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।
- ১ম/২য়/৩য়/৪র্থ বর্ষ সম্মান শ্রেণির ও মাস্টার্স ১ম/শেষ বর্ষের শিক্ষার্থীদের মাস্টার্স চূড়ান্ত পর্বের পরীক্ষা পর্যন্ত সময়ের জন্য ভর্তি করা হবে।
- ডিগ্রি (পাস) শ্রেণির শিক্ষার্থীরাও আবেদন করতে পারবে।
- ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রতিমাসে হলকর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে।
- কর্তৃপক্ষ যে কোন বিবেচনায় যে কোন ফরম বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
প্রফেসর ড. আবু জাফর খান (৩৯১৪)  
অধ্যক্ষ  
কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ  
কুমিল্লা

  
মো: মুনির আহাম্মদ  
সহযোগী অধ্যাপক, গণিত বিভাগ  
ও  
আহ্বায়ক  
আবাসিক হল (ডিগ্রি শাখা) ভর্তি পরীক্ষা কমিটি-২০২৩  
কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ  
কুমিল্লা

### বিতরণ:

- ০১। উপাধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০২। সকল বিভাগীয় প্রধান, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০৩। হল তত্ত্বাবধায়ক, কবি কাজী নজরুল ইসলাম হল, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০৪। হল তত্ত্বাবধায়ক, নওয়াব ফয়জুল্লাহ ছাত্রীনিবাস, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০৫। সম্পাদক, শিক্ষক পরিষদ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০৬। সংরক্ষণ নথি